# রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১

ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪

: ০২৩৩৪৪৬০৭৭৯-৯১

এক্সটেনশন-অফ. : ৪২০১

ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮

ই-মেইল : registrarcu66@cu.ac.bd

মোবাইল ফোন :

# Registrar

University of Chittagong, Chattogram-4331

Phone : PABX 02334460765-74

: 02334460779-91

Extn-Off. : 4201

Fax : 02334460778

E-mail : registrarcu66@cu.ac.bd

Mobile Phone :


স্মারক নম্বর: জি-৩১(চাকসু)/সা. প্রশা./২০২৫/১২৩২৯

তারিখ: ৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## -: বিজ্ঞপ্তি :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ, হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন ২০২৫-এ বিভিন্ন পদে বিজয়ী প্রার্থীদের শপথ গ্রহণ অনুষ্ঠান আগামী ২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার সকাল ১১:৩০টায় চ.বি সমাজ বিজ্ঞান অনুষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

শপথ গ্রহণ অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার প্রধান অতিথি এবং মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ, হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন ২০২৫-এর প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর ড. মনির উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক ও এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

আদেশক্রমে

21-10-2025

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল সিন্ডিকেট সদস্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৩। প্রভোস্ট, সকল হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সদ্য সমাপ্ত হল ও হোস্টেল সংসদ নির্বাচনে বিজয়ী স্ব স্ব হল এবং হোস্টেলের প্রার্থীদেরকে মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
৪। প্রধান নির্বাচন কমিশনার/নির্বাচন কমিশনারগণ, চ.বি কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন ২০২৫।
৫। সভাপতি ও সদস্য-সচিব, চ.বি কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন-২০২৫ পরিচালনা কমিটি।
৬। সভাপতি ও সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।
৭। সকল বিভাগীয় সভাপতি/সকল ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৮। সকল অফিস প্রধান (সকল প্রশাসকসহ), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৯। সকল নির্বাচনী কর্মকর্তা, চ.বি কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন ২০২৫।
১০। সভাপতি ও সাধারণ সম্পাদক, অফিসার সমিতি/কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
১১। আহ্বায়ক, সদস্য-সচিব এবং সকল সদস্য, শপথ অনুষ্ঠান আয়োজক কমিটি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

পরের পৃষ্ঠা দ্রষ্টব্য

(পূর্ব পৃষ্ঠার পর)

স্মারক নম্বর: জি-৩১(চাকসু)/সা. প্রশা./২০২৫/১২৩২৯

তারিখ: ৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (আগামী ২৩.১০.২০২৫ খ্রি. তারিখ সমাজ বিজ্ঞান অনুষদ অডিটোরিয়াম বরাদ্দ রাখা, প্রয়োজনীয় পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ সম্পাদন করা এবং প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োজিত রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

২। পরিচালক, আই সি টি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিখানা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৩। সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য ২০ জন ক্যাডেট মোতায়েনের ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো। ক্যাডেটগণ পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি. এর নিকট সকাল ৯:০০টার মধ্যে রিপোর্ট করবে)।

৪। প্রশাসক, নিরাপত্তা দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৫। প্রশাসক, পরিবহন দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট সকলে অনুষ্ঠানে উপস্থিত হওয়ার সুবিধার্থে সকাল ১০:৫০টায় একটি গাড়ি পরিবহন দপ্তর থেকে ছেড়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে অনুষ্ঠানস্থলে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো। অনুষ্ঠান শেষে প্রক্টর চ.বি.-কে অবহিত করে গাড়িটি বিপরীতমুখী রুট অনুসরণ করে ফিরে যাবে)।

৬। প্রশাসক, তথ্য ও ফটোগ্রাফী শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (নিউজ কাভার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৭। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৮। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক, নির্বাচনী কর্মকর্তা, কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল ও হোস্টেল ইউনিয়ন নির্বাচন-২০২৫ পরিচালনা কমিটি ও ডেপুটি রেজিস্ট্রার, নির্বাচন ও বিধি-বিধান শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চাকসু-তে নির্বাচিত প্রার্থীদেরকে মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

৯। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

১০। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়কে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।

২১.১০.২০২৫

**(মোহাম্মদ ইউসুফ)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।